



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ  
বিমানবন্দর ব্যবস্থাপকের দপ্তর  
কক্সবাজার বিমানবন্দর, কক্সবাজার।  
www.caab.gov.bd



নথি নং-৩০.৩১.২২০০.৫৪১.২১.০৫৪.২২-১৮৯৯২

তারিখঃ ০৮/০৯/২০২২ খ্রিঃ

**বিষয়ঃ স্পট নিলাম ডাক আহ্বান প্রসঙ্গে।**

- সূত্রঃ ক) সিএএবি/সিডি/(কক্স)/কাজ-১(অংশ-৩)/২০২২/১১৬৭, তারিখঃ ২১/০৮/২০২২ খ্রিঃ  
খ) বন বিভাগের পত্র- ২২.০১.২২০০.৭৯০.১৭.১.২২-৩২৯২, তারিখঃ ০১/০৯/২০২২ খ্রিঃ  
গ) সদর দপ্তরের পত্র-৩০.৩১.০০০০.২৩১.৩০.০০২.১৭.২৯৯, তারিখঃ ০৮/০৯/২০২২ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের আলোকে এতদ্বারা সকল কাঠ ব্যবসায়ী/প্রতিষ্ঠান/ব্যক্তি-বর্গকে জানানো যাচ্ছে যে, কক্সবাজার বিমানবন্দরে নির্মাণাধীন আন্তর্জাতিক প্যাসেঞ্জার টার্মিনাল ভবনের অভ্যন্তরে বিদ্যমান ০৪ (চার)টি গাছ কর্তৃপক্ষের উন্নয়নের স্বার্থে জরুরী ভিত্তিতে কর্তন ও অপসারণের নিমিত্ত স্পট নিলামে (যেখানে যে অবস্থায় আছে) বিক্রয় করা হবে। উক্ত নিলাম আগামী ১৪/০৯/২০২২ খ্রিঃ তারিখঃ বেলা ১১.০০ ঘটিকায় হিসাব শাখায় কক্ষ নং-২০৭ এ অনুষ্ঠিত হবে। নিম্ন বর্ণিত স্থানে অবস্থিত গাছসমূহের বর্ণনা দেয়া হল।

ক্র/নং	গাছের অবস্থান	মন্তব্য
০১।	কক্সবাজার বিমানবন্দরে নির্মাণাধীন আন্তর্জাতিক প্যাসেঞ্জার ভবনের অভ্যন্তরে বিদ্যমান ছোট/বড় নেইট্রি কড়ই প্রজাতির ০৪ (চার)টি গাছ (যেখানে যে অবস্থায় আছে) কর্তৃপক্ষের উন্নয়ন প্রকল্পের স্বার্থে জরুরী ভিত্তিতে কর্তন/অপসারণ।	

**স্পট নিলাম ডাকের শর্তাবলীঃ**

- ০১। প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুক ডাককারীগণ নিলাম ডাকের পূর্বে অফিস চলাকালীন সময়ে বিমানবন্দর ব্যবস্থাপকের দপ্তর, কক্সবাজার বিমানবন্দর, হিসাব শাখার সহিত যোগাযোগ করে উক্ত গাছসমূহ দেখে যেটা যে অবস্থায় আছে সেই অবস্থায়ই ক্রয় করার আশ্রয় হলে নিলামে অংশ গ্রহণ করতে পারবেন।
- ০২। স্পট নিলাম ডাকের পূর্বে সকাল ১১.০০ ঘটিকার মধ্যে ডাকে অংশগ্রহণকারী ইচ্ছুক কাঠ ব্যবসায়ী/প্রতিষ্ঠান/ব্যক্তি-বর্গকে কমিটির আহ্বায়ক বরাবরে নিলাম ডাকে অংশগ্রহণকারীগণকে জাতীয় পরিচয়পত্র ও ট্রেড লাইসেন্স(যদি থাকে) তার ফটোকপি সহ জামানত হিসেবে ২,০০০/- (দুই হাজার) টাকা অগ্রিম নগদ প্রদান করতে হবে। যা ১ম, ২য়, ৩য় ও ৪র্থ সর্বোচ্চ ডাককারীর জামানত রাখার পর অবশিষ্টদের জামানত নিলাম ডাকশেষে তাত্ক্ষণিকভাবে ফেরৎ দেয়া হবে।
- ০৩। কার্যাদেশ প্রাপ্ত নিলাম ডাককারীকে নিলাম ডাকের সমুদয় মূল্য তৎসহ আয়কর ও ভ্যাট কার্যাদেশ জারির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে কক্সবাজার বিমানবন্দরের হিসাব শাখায় নগদ/চেক-অর্ডারে পরিশোধ করে উহার মানি রিসিটের কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা করতে হবে। নিলামকৃত মালামাল সম্পত্তি শাখার প্রতিনিধির উপস্থিতিতে কার্যাদেশ প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে কার্যাদেশ প্রাপ্ত নিলাম ডাককারী নিজ খরচে ও নিজ দায়িত্বে উল্লেখিত গাছসমূহ(ডালপালাসহ) সরিয়ে নিয়ে জায়গা খালি করে দিতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিলসহ জমাকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে।
- ০৪। যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ স্পট নিলাম ডাক কর্তৃপক্ষ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

  
০৮/০৯/২০২২  
(মোঃ গোলাম মোর্তজা হোসেন)  
বিমানবন্দর ব্যবস্থাপক  
কক্সবাজার বিমানবন্দর, কক্সবাজার  
ই-মেইল : [apmcox@caab.gov.bd](mailto:apmcox@caab.gov.bd)

অনুলিপিঃ সদর অবগতির জন্য প্রেরণ করা হল।

- ০১। প্রধান প্রকৌশলী, সিএএবি, সদর দপ্তর, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।  
০২। পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।  
০৩। পরিচালক (অর্থ), সিএএবি, সদর দপ্তর, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।  
০৪। পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।  
০৫। উপ-পরিচালক(সম্পত্তি ব্যবস্থাপনা), সিএএবি, সদর দপ্তর, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।  
০৬। প্রকল্প পরিচালক, কক্সবাজার বিমানবন্দর আন্তর্জাতিক প্যাসেঞ্জার টার্মিনাল ভবন নির্মাণ, সিএএবি, কক্সবাজার বিমানবন্দর, কক্সবাজার।  
০৭। বন বিভাগের সংশ্লিষ্ট রেঞ্জের একজন কর্মকর্তা, বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, কক্সবাজার দক্ষিণ বন বিভাগ।  
০৮। মোটিশ বোর্ড, অত্র দপ্তর।  
০৯। সংশ্লিষ্ট নথি, অত্র দপ্তর।